তারিখ ·· 13 MAY 2016 ·· ···
পৃষ্ঠা ·২৩· কলাম ··৬·· ······

দৈনিক
জনকণ্ঠ

ফেসবুকে অপপ্রচার

# রাজশাহীর চার শিক্ষকের বিরুদ্ধে মামলা

স্টাফ রিপোর্টার, রাজশাহী ॥ ফেসবুকে অপপ্রচার চালানোর অভিযোগে তথ্যপ্রযুক্তি (আইসিটি) আইনে রাজশাহী মডেল স্কুল এ্যান্ড কলেজের চার শিক্ষক-কর্মচারীর বিরুদ্ধে থানায় অভিযোগ করেছেন একই কলেজের সাবেক অধ্যক্ষ এসএম জার্জিস কাদির। তিনি বর্তমানে রাজশাহী নিউ ডিগ্রী কলেজের অধ্যক্ষ। এ ঘটনায় পুলিশ মডেল স্কুল এ্যান্ড কলেজের শরীরচর্চা বিভাগের শিক্ষক আবু হায়দার আকবর রিপনকে আটক করেছে। বৃহস্পতিবার সকালে স্কুল থেকে নগরীর রাজপাড়া থানা পুলিশ ওই শিক্ষককে আটক করে। মামলার অপর তিন আসামি হলেন রসায়ন বিভাগের শিক্ষক শফিকুল ইসলাম, প্রদর্শক আনারুল ইসলাম ও ল্যাব সহকারী শফিউল ইসলাম মাসুম। রাজপাড়া থানা পুলিশ সূত্র জানায়, রাজশাহী মডেল স্কুল এ্যান্ড কলেজের সাবেক অধ্যক্ষ এসএম জার্জিস কাদির ওই প্রতিষ্ঠান থেকে বদলি হয়ে নিউ ডিগ্রী কলেজের অধ্যক্ষ হিসেবে যোগদানের পর থেকে তার বিরুদ্ধে ফেসবুকসহ নানাভাবে অপপ্রচার শুরু করে মডেল স্কুল এ্যান্ড কলেজের কয়েক শিক্ষক-কর্মচারী। নেপথ্যে থেকে ইন্ধন দেন রসায়ন বিভাগের শিক্ষক শফিকুল ইসলাম।